THE DAILY CAMPUS

# উত্তরা ইউনিভার্সিটিতে এইচআর সামিট অনুষ্ঠিত

টিডিসি রিপোর্ট

প্রকাশ: ৩০ নভেম্বর ২০২৪, ১১:৫৪ AM, আপডেট: ৩০ নভেম্বর ২০২৪, ১১:৫৪ AM

**Source: https://thedailycampus.com**




এইচআর সামিট © সংগৃহীত

দেশের শীর্ষ ২০টি কোম্পানির মানবসম্পদ বিভাগের প্রধান কর্মকর্তাদের নিয়ে উত্তরা ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হয়েছে ‘এইচআর সামিট ২০২৪’। আজ শনিবার (৩০ নভেম্বর) বিশ্ববিদ্যালয়টির নিজস্ব ক্যাম্পাসে এই সামিটের আয়োজন করা হয়েছে।

এ ইভেন্টে দেশের বিভিন্ন ব্যাংক, বীমা, গার্মেন্টস ইন্ড্রাস্টিজ, ফার্মাসিটিক্যাল, করপোরেট অফিসের শীর্ষস্থানীয় এইচআর পেশাজীবী, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, ফ্যাকাল্টি ও বিশেষজ্ঞরা অংশ নেন।

সামিটের শুরুতে কী-নোট স্পিকার হিসেবে বক্তব্য রাখেন আইসিডিডিআর'বি এর হেড অব এইচআরএম প্রফেসর ড. মোশাররফ হোসেন। এবারের আয়োজনের মূলমন্ত্র ছিল 'ইন্ডাস্ট্রি-একাডেমিয়া কোলাবরেশন এন্ড রোলস অফ ইউনিভার্সিটিস ফর ক্রিয়েটিং ইন্ডাস্ট্রি স্ট্যান্ডার্ড গ্রাজুয়েটস'।

প্রবন্ধ উপস্থাপনের পর দু'টি রাউন্ড টেবিল ডিসকাশনের মাধ্যমে এইচআর বিশেষজ্ঞরা আলোচনা করেন ও প্রশ্ন-উত্তর পর্ব গ্রহণ করেন। অনুষ্ঠানটির লক্ষ্য ছিলো কিভাবে শিক্ষার্থীরা নিজেদেরকে ইন্ডাস্ট্রি উপযোগী করে গড়ে তুলার পাশাপাশি জব মার্কেটে কোন কোন বিষয়ে দক্ষতা অর্জন করতে পারে।

অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উত্তরা ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. ইয়াসমীন আরা লেখা। তিনি বলেন, আনন্দের বিষয় হলো বাংলাদেশ বর্তমানে শিল্প ও শিক্ষার ক্ষেত্রে ইন্ডাস্ট্রি ৩.০ থেকে ইন্ডাস্ট্রি ৪.০ তে উত্তরণ করেছে। ব্যক্তি ও প্রতিষ্ঠান পর্যায়ে সকল স্তরে এই উদ্যোগের প্রয়োজনীয়তা ধরে রাখার পাশাপাশি আগামী দিনে সহযোগিতা প্রত্যাশা করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য।

সামিটটি উদ্বোধন করেন ইউনিভার্সিটির উপ-উপাচার্য অধ্যাপক ড. গৌর গোবিন্দ গোস্বামী। উক্ত, অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, শিক্ষকমন্ডলী ও বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা।

অনুষ্ঠান বাস্তবায়নে সার্বিক সহযোগিতায় করেছে উত্তরা ইউনিভার্সিটির বিজনেস স্কুল, অফিস অব দ্য এক্সটার্নাল অ্যাফেয়ার্স ও ফেডারেশন অফ বাংলাদেশ হিউম্যান রিসোর্স অর্গানাইজেশনস (এফবিএইচআরও)।